পর্দা উঠলো মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের

মেহেরপুর সরকারি কলেজ মাঠে গতকাল শুক্রবার বিকালে জমজমাট উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে উম্মোচিত হলো মেহেরপুরের ইতিহাসের সব চেয়ে বড় ফুটবলের আসর মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩।

উদ্বোধনী দিনে একদিকে খেলেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেন্ডস ফুটবল একাদশ বনাম আমঝুপি ইউনিয়নের চাঁদবীল শেরে বাংলা ফুটবল একাদশ।

মনোমুগ্ধকর উপস্থাপনা এবং চুয়াডাঙ্গা ও মেহেরপুরের সাবেক কৃতি ফুটবলারদের সরব উপস্থিতিতে মেহেরপুরের ফুটবল ইতিহাসের এক নতুন অধ্যায় সৃষ্টি হলো।

গতকাল শুক্রবার বিকাল ৩টায় মেহেরপুর সরকারি কলেজ ফুটবল মাঠে জাতীয় পতাকা ও ফুটবল টুর্নামেন্টের পতাকা উত্তোলন, পায়রা অবমুক্তকরণ ও শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে এই টুর্নামেন্টের জমজমাট উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হকের সভাপতিত্বে টুর্নামেন্টের উদ্বোধন করেন, মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

এসময় পৌর মেয়র বলেন, অনেক জল্পনা কল্পনা ও বাঁধা বিপত্তি পেরিয়ে এ টুর্নামেন্ট শুরু হলো। এ ফুটবল টুর্নামেন্টের মধ্যে দিয়ে মেহেরপুরের হারিয়ে যাওয়া ঐতিহ্যবাহী ফুটবল খেলা ফিরে আসবে বলে বিশ্বাস করি।

আমন্ত্রিত অতিথি ছিলেন, মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, প্রবীন ক্রীড়াবিদ রমজান আলী, প্রবীন শিক্ষক আব্দুর রহমান, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান, সাবেক কৃতি ফুটবলার আব্দুস সামাদ, প্রিমিয়ার সুইটস এর বাংলাদেশ কান্ট্রি ডিরেক্টর মাহবুবুর রহমান বকুল, বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) কোর্স চুয়াডাঙ্গার কৃতি ফুটবলার সারোয়ার হোসেন মধু, চুয়াডাঙ্গার আরেক সাবেক কৃতি ফুটবলার হ্যাজি, মেহেরপুরের সাবেক কৃতি সাতারু হাফিজুর রহমান হাফি, সাবেক কৃতি ফুটবলার হিরক, আমিরুল ইসলাম অল্ডাম, আজমাইন হোসেন, কিসলুসহ অনেকে।

“মাঠে এসো খেলা হবে, কাপানো সেই হুংকারে” থিম সং আর মনোমুগ্ধকর পরিবেশনার মাধ্যমে শুরু হয় উদ্বোধনী অনুষ্ঠানের এই আসর।

গাংনীতে বিজয় টিভির প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবে অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়েছে বিজয় টিভির জন্ম বার্ষিকী।
চ্যানেলটির এগার বছর পদার্পন উপলক্ষে বুধবার দুপুরে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়।
প্রধান অতিথী হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানে শোভা বর্ধন করেন একুশে পদকপ্রাপ্ত কথা সাহিত্যিক ও মুক্তিযুদ্ধের গবেষক রফিকুর রশিদ রিজভী।
বিজয় টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি ও প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন সাবেক কটন ইউনিট অফিসার আব্দুল ওয়াদুদ, প্রেসক্লাব সহ-সভাপতি মজনুর রহমান আকাশ, সাধারণ সম্পাদক মাহাবুব আলম।
আরটিভির প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বিজয় টিভির নানা অনুষ্ঠান ও সংবাদের ইতিবাচক দিক তুলে ধরে বক্তব্য রাখেন বক্তারা। পরে কেক কাটা হয়। অনুষ্ঠানে গাংনী প্রেসক্লাবের সকল সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের ট্রফির মোড়ক উন্মোচন

আড়ম্বর পরিবেশে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর

ট্রপির মোড়ক উন্মোচন করা হয়েছে।

আজ সোমবার (২৯ মে) বেলা দেড়টার সময় মেহেরপুর পৌর কমিউনিটি হলে টুর্নামেন্টের ট্রফির মোড়ক উন্মোচন করা হয়।

এসময় প্রতিযোগীতায় অংশগ্রহণকারী ১৬ টি ফুটবল একাদশকে একটি করে ফুটবল প্রদান করা হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক প্রাক্তন মো. ফুটবলার এমদাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত ট্রফি মোড়ক উন্মেচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক (অব), বীরমুক্তিযোদ্ধা ও প্রাক্তন কৃতি ফুটবলার ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, মেহেরপুর পৌর সভার সাবেক মেয়র আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত শিক্ষক ও প্রাক্তন ফুটবলার আব্দুর রহমান, অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা আব্দুস ছামাদ।

ফুটবল টুর্নামেন্টের সদস্য সচিব মাহাবুব চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

মেহেরপুরের সিনিয়র সাংবাদিক রফিক উল আলম, তোজাম্মেল আযম, বিভিন্ন ফুটবল টিমের সদস্যসহ বিভিন্ন প্রিন্ট, টেলিভিশন ও অনলাইন পোর্টালের সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট জমকালো আয়োজনে উদ্বোধন ২ জুন

মেহেরপুর ফুটবলের ইতিহাসে শতাব্দীর সেরা টুর্নামেন্ট উপহার দিতে চাই মেহেরপুর প্রতিদিন। “এসো ফিরি খেলার মাঠে” শ্লোগান নিয়ে

আগামী ২ জুন শুক্রবার মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। এই টুর্নামেন্টেকে ঘিরে এলাকায় উচ্ছাস উদ্দীপনা ও উৎসব মুখর পরিবেশ সৃষ্টি হয়েছে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্ট ২০২৩ এর আহবায়ক এমদাদুল হক বলেন, টুনাামেন্টে জেলার বিভিন্ন এলাকার ১৬টি ফুটবল দল অংশ নিচ্ছে। এই টুর্নামেন্টটি হবে মেহেরপুর জেলার ফুটবলের ইতিহাসের সেরা টুর্ণামেন্ট। টুর্ণামেন্টকে ঘীর আয়োজক কমিটির পক্ষ থেকে ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। আয়োজনের শুরুতেই থাকবে জমকালো উদ্বোধন।

মেহেরপুর সরকারি কলেজ মাঠটিকে এখন খেলার জন্য প্রস্তুত করার পাশাপাশি মাঠটিকে সজ্জিতকরণ করা হচ্ছে নতুন মোড়কে।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টে যে ষোলটি দল অংশ নিচ্ছে তারা হলো-আমঝুপি ইউনিয়নের চাঁদবিল শেরেবাংলা ক্লাব, কুতুবপুর ইউনিয়ন একাদশ, শ্যামপুর ইউনিয়ন একাদশ, বাগোয়ান ইউনিয়ন একাদশ, মোনাখালি ইউনিয়ন একাদশ, দারিয়াপুর ইউনিয়ন একাদশ, কাথুলি ইউনিয়ন একাদশ, তেঁতুলবাড়িয়া ইউনিয়নের রামদেবপুর ফ্রেন্ডস ক্লাব, আমঝুপি ক্লাব ও লাইব্রেরি, ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিপি), গাংনী ফুটবল একাডেমি, আমদহ ইউনিয়নের গোলাম রহমান স্মৃতিসংঘ, ধানখোলা ইউনিয়নের চিৎলা জাগরনী ক্লাব, কোলা ইলেভেন স্টার ক্লাব, মটমুড়া ইউনিয়নের বাওট শাপলা ক্লাব ও বুড়িপোতা ইউনিয়নের শালিকা টাইগার ক্লাব।

দর্শনা প্রেসক্লাবে চেয়ারম্যান বাবু ও পৌর মেয়র হাবুকে ফুলেল শুভেচ্ছা ও স্মারক প্রদান

চুয়াডাঙ্গার দর্শনায় প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু ও দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুকে ফুলেল শুভেচ্ছা, স্মারক প্রদান এবং মতবিনিময়

অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা প্রেসক্লাব ভবনে এই ফুলেল শুভেচ্ছা, স্মারক প্রদান এবং মতবিনিময় অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে তাদেরকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে প্রেস ক্লাবের সভাপতি জাহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু। এসময় তিনি বলেন, সাংবাদিকরা হচ্ছে সমাজের দর্পণ, জাতির বিবেক। সমাজের সকল অন্ধকারের রহস্য উন্মোচন করে আলো বিস্তার করে সাংবাদিকদের সাহসিক লেখনির মাধ্যমে। আবার সেই সাংবাদিকদের সঠিক লেখনির মাধ্যমে আমাদের প্রতিটি ভালো কাজের অনুপ্রেরণা জোগায়।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু। এসময় তিনি বলেন, সমাজের আলো বিস্তারে সাংবাদিকদের গুরুত্ব অপরিসীম। সেই সাথে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের আহ্বান করেন তিনি। তাই সমাজের সকল ভালো ও কালো তথ্য তুলে ধরতে বিভিন্ন সময়ে সাংবাদিকদের হুমকির মুখে পড়তে হয়। আর সে জন্য সাংবাদিকদের এই সংগঠন মজবুত হওয়াটাও খুবই জরুরী।

স্বাগত বক্তব্য রাখেন, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন। প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হানিফ মন্ডলের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন, প্রেস ক্লাবের কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ।

আরও উপস্থিত ছিলেন, সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ওসমান আলী, চঞ্চল মেহমুদ, প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, সাংবাদিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, কার্যনির্বাহী সদস্য- ফরহাদ হোসেন।

অনলাইন নিবন্ধনের সনদ পেলো মেহেরপুর প্রতিদিন

এবার অনলাইন নিউজপোর্টালের সনদ পেলে দক্ষিণ পশ্চিমাঞ্চলের জনপ্রিয় পত্রিকা “দৈনিক মেহেরপুর প্রতিদিন”। এই সনদ পাওয়ার মধ্য দিয়ে এই জনপ্রিয় পত্রিকাটি গুনে ও মানে আরো একধাপ এগিয়ে যাবে।

জাতীয় অনলাইন গণমাধ্যম নীতিমালা ২০১৭ (সংশোধিত ২০২০) অনলাইন মিডিয়া কার্যক্রম পরিচালনার জন্য এই প্রতিষ্ঠানটির নিবন্ধন প্রদান করেন জাতীয় তথ্য অধিদপ্তর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।

উল্লেখ্য, মেহেরপুর জেলা থেকে প্রকাশিত এই জনপ্রিয় পত্রিকাটি দায়িত্বশীল বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের কারণে ইতোমধ্যে সকলের কাছে সমাদৃত হয়েছে, পেয়েছে পাঠক প্রিয়তা। মেহেরপুর প্রতিদিনের প্রিন্ট পত্রিকার সাথে সাথে অনলাইন পোর্টালও দিন দিন জনপ্রিয়তা পাচ্ছে। প্রতিনিয়ত দেশ এবং দেশের বাইরে থেকেও নতুন নতুন পাঠক সংযুক্ত হচ্ছে অনলাইন ফোরামে।

পত্রিকাটি প্রতিনিয়ত এলাকার উন্নয়ন, সমস্যা, সম্ভাবনা, ইতিহাস, ঐতিহ্য তুলে ধরে আর পাঠকপ্রিয়তা অর্জন করবে।

গাংনীতে‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সাথে ইউপি

চেয়ারম্যানদের মতবিনিময়

‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ বাস্তবায়নে গাংনীতে ইউপি চেয়ারম্যান ও প্রবীণ ফুটবল খেলোয়াড়দের সাথে প্রস্তুতিমুলক সভা করেছে টুর্ণামেন্ট আয়োজক কমিতি।

আজ মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির আহবানে প্রস্তুতিমুলক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাংনী উপজেলার কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

দৈনিক মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্টের আয়োজক কমিটির আহবায়ক ও মেহেরপুরের প্রাক্তণ ফুটবল খেলোয়াড় এমদাদুল হক,সদস্য সচিব মাহাবুব চান্দু,সদস্য আমিরুল ইসলাম অল্ডাম,আজমাইন হোসেন,মনিরুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন,ফুটবল মানুষের প্রাণের খেলা। গ্রাম গঞ্জের মানুষ ফুটবল খেলাকে এখনও হৃদয়ে লালন করে। কিন্তু বর্তমান সময়ে তরুণ ও যুব সমাজ আনন্দদায়ক খেলা থেকে সময় পরিবর্তনের সাথে সাথে মুখ ফিরিয়ে নিচ্ছে। বিভিন্ন নেশায় আসক্ত হয়ে ধ্বংশ হচ্ছে যব সমাজ। যুব সমাজকে আবারও ফুটবলের দিকে ফিরিয়ে আনতে এবং মাদক থেকে দুরে রাখতে মেহেরপুর জেলার একমাত্র সরকার অনুমোদিত আঞ্চলিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন বর্ণাঢ্য ও ব্যাতিক্রমধর্মী ফুটবল টুর্ণামেন্টের আয়োজন করেছে। এ টুর্ণামেন্ট মেহেরপুর জেলার ১৮টি ইউনিয়ন ও দুইটি পৌরসভাসহ মোট ২০ দল অংশ গ্রহন করবে। খেলাটি নির্ভুল ও সকলের কাছে গ্রহনযোগ্যতা ও স্বচ্ছতার নিমিত্তে বিভিন্ন ক্যামেরার মাধ্যমে রিপ্লে সম্প্রচার করবে।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের এই আয়োজন মেহেরপুর জেলার সব প্রান্ত থেকে টুর্ণামেন্টে অংশগ্রহনকারি বিজয়ীদের জন্য থাকবে জন্য থাকবে পুরুস্কার। খেলায় প্রতিযোগীদের মধ্যে কেউ জেলার বাইরে থেকে অংশ গ্রহন করতে পারবেনা। এমনকি ভিন্ন জেলা থেকে কোন খেলোয়াড় অংশ

গ্রহন করতে পারবেনা।

দৈনিক মেহেরপুর প্রতিদিন পরিবারের এমন আয়োজনকে স্বাগত জানিয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দরা জানান, সময় উপযোগী পদক্ষেপ নিয়েছে দৈনিক মেহেরপুর প্রতিদিন কৃর্তপক্ষ। বর্তমান সময়ে যুব সমাজ মোবাইল গেমে আসক্ত হয়ে পড়েছে। বর্তমানে খেলাধুলা না করায় যুব সমাজ হচ্চে বিপথগামী। এসকল যুবকদের আবারও খেলাধুলায় আগ্রহী করে তুলতে মেহেরপুর প্রতিদিন কতৃপক্ষ সময় যুগপোযোগী পদক্ষেপ নিয়েছে। আমরা সকলেই এই টুর্ণামেন্টে অংশ গ্রহন করে মেহেরপুর জেলাবাসীকে উপহার দিতে চাই একটি উত্তেজনাকর ও স্বরণীয় ফুটবল টুর্ণামেন্ট।

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির শপথ ও দায়িক্তভার গ্রহন

দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির শপথ ও দায়িত্বভার গ্রহন অনুষ্টান অনুষ্টিত হয়েছে। আজ শুক্রবার সন্ধায় প্রেসক্লাব ভবনে এ দায়িত্বভার অনুষ্টান অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহব্বায়ক মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে নব নির্বাচিত কমিটির দায়িত্বভার গ্রহণ অনুষ্টানে আলোচনা করেন, দর্শনা প্রেসক্লাবের সাবেক সবাপতি ও নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব আওয়াল হোসেন, চঞ্চল মেহমুদ, সদস্য সাবেক সাধারন সম্পাদক ওসমান আলী, নবনির্বাচিত কমিটির প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাধারন সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারন সম্পাদক আহসান হাবিব মামুন।

আলোচনা শেষে নির্বাচিত দুটি কমিটির সকলকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং দায়িক্তভার বুঝিয়ে দেওয়া হয়। এসময় উপস্থিত ছিলেন, প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও

সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ।

সাংবাদিক সমিতির সহ-সভাপতি মাহমুদ হাসান রনি, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কার্যনির্বাহী সদস্য-এফএ আলমগীর, ফরহাদ হোসেন, মনজুর আহমেদ।

উল্লেখ্য গত ৭ এপ্রিল শুক্রবার দর্শনা প্রেসক্লাবে আয়োজিত দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি নামে দুটি সংগঠনের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়।

মেহেরপুরে সেই চার সাংবাদিকসহ ১৭ জনের বিরুদ্ধে চার্জশিট

প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপনের ভিডিও ধারণ করা তারপর ব্ল্যাকমেইল করে অর্থ আদায় চক্রের হোতা মেহেরপুরের চার সাংবাদিকসহ ১৭ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দিয়েছে পুলিশ।

গত ১১ এপ্রিল মেহেরপুরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে চার্জশিট জমা দেন মামলার তদন্তকারী কর্মকর্তা ডিবির এস আই আশরাফ আলী। মামলায় শিল্পতি হাবিবুর রহমান, অ্যাড. কামরুল ইসলামসহ ১৮ জনকে অব্যহতি দেওয়া হয়েছে। এবং ১০জনকে সাক্ষী করা হয়েছে। আগামী ৮মে এই মামলার দিন ধার্য রয়েছে বলে একটি সূত্রে জানা গেছে।

অভিযুক্তরা হলেন- বাংলাভিশন ও নিউজ ২৪ চ্যানেলের মেহেরপুর প্রতিনিধি মুস্তাফিজুর রহমান ওরফে তুহিন আরন্য, ডিবিসি টেলিভিশনের সাংবাদিক আবু আক্তার করন, দেশ টিভির সাংবাদিক রোকসানা আরা, এশিয়ান টিভির সাংবাদিক মিজানুর রহমান জনি, কথিত সাংবাদিক নাজনিন খান প্রিয়া, ছন্দা খাতুন, আটলান্টিক হোটেল মালিক মতিয়ার রহমান, তার ছেলে মামুন জোয়ার্দার, আব্দুস সালাম, হাসিবুল হক জয়, নেহাল আল মুকিত, শাহাজান আলী, মোছা. রুপা,

নুসরাত, বর্ষা, সুমন রহমান বিমান ও বিপাশা। এদের মধ্যে মিজানুর রহমান জনি, নাজনিন খান প্রিয়া, ছন্দা খাতুন, মতিয়ার রহমান, মামুন জোয়ার্দার, হাসিবুল হক জয়, শাহাজান আলী, নেহাল আল মুকিত পুলিশের হাতে আটক হয়ে হাজতবাস করেছেন। বর্তমানের তারা জামিনে আছেন। বাকিরা আত্মগোপনে রয়েছেন।

জানা গেছে, অভিযুক্তদের বিরুদ্ধে পেনাল কোডের ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারাসহ ২০১২ সালের পর্নোগ্রাফী নিয়ন্ত্রণ আইনের ৮(১),৮(২), ৮(৩), ৮(৪) ধারায় অপরাধ প্রাথমিকভাবে সত্যবলে প্রমানিত হওয়ায় আদালতে চার্জশিট দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা।

মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধান ও ওই সময় পুলিশের তথ্য থেকে জানা যায়, একটি নারী চক্র গড়ে তুলে মেহেরপুর শহরের আভিজাত শ্রেনীর হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার রহমান ও তার ছেলে মামুন বিভিন্ন ব্যবসায়ী, সরকারি কর্মকর্তা বা অভিজাত শ্রেনীর মানুষকে সুন্দরী নারী দিয়ে প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপন করে তা ভিডিও ধারণ করেন। এবং সেই ভিডিও দিয়ে ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নিচ্ছিল। এই চক্রে বিভিন্ন এলাকার প্রায় ডজ্জনখানেক সুন্দরী নারী জড়িত ছিলো। তাদের পৃষ্ঠপোষক করতো মেহেরপুরের চার সাংবাদিকও।

জানা গেছে, গত বছরের ২২ নভেম্বর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মী সদর থানায় নারী চক্রের প্রধান হোতা প্রিয়া খানকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন। মামলা দেওয়ার পর পুলিশ বিভাগ তদন্ত শুরু করেন। তদন্তে নানা চাঞ্চল্যকর তথ্য বেরিয়ে আসে। তদন্তের অংশ হিসেবে হোটেল আটলান্টিকায় অভিযান চালিয়ে পুলিশ হোটেল মালিক মতিয়ার, তার ছেলে মামুন ও ছন্দা খাতুনকে আটক করে। তার আগে মামলার দিনই পুলিশ শহরের হোটেল বাজার এলাকা থেকে নাজনিন খান প্রিয়াকে আটক করে।

ওই মেহেরপুরের জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে ছন্দা খাতুন ১৬৪ ধারায় জবানবন্দী প্রদান করেন। জবানবন্দীর ওই কপি মেহেরপুর প্রতিদিনে এসে পৌছালে গত বছরের ১ ডিসেম্বর মেহেরপুর প্রতিদিন জবানবন্দী নিয়ে ফলাও করে তার প্রকাশ করলে মেহেরপুর সহ সারাদেশে ওই সংবাদ আলোড়ন সৃষ্টি করে।
জবানবন্দীতে ছন্দা খাতুন এই চক্রের মুখোশ খুলে দেয়। তার জবানবন্দীতে মেহেরপুরের চার সাংবাদিক, কয়েকজন নারীর কথা উঠে আসে। উঠে আসে কয়েকজন আইনজীবীর কথাও। তবে জবানবন্দীতে দেওয়া তথ্যমতে

প্রায় সব আসামি পুলিশের চার্জশিটে অভিযুক্ত হলেও কামরুল ইসলাম ওই আইনজীবীকে চার্জশীট থেকে পুলিশ অব্যহতি দেয়।

ছন্দার জবানবন্দী থেকে ওই সময় জানা যায়, বিগত ২/৩ বছর যাবৎ সাংবাদিক তুহিন অরন্য, আবু আক্তার করন, মিজানুর রহমান জনি, রেকসোনা, মানবতার চোখের সাংবাদিক শাহজাহান মেয়েদের মধ্যে বর্ষা, নুসরাত, প্রিয়া, হোটেল মালিক এর ছেলে মামুন সহ অজ্ঞাতনামা কয়েক জন মিলে মেহেরপুর আটলান্টিক হোটেলে কৌশলে ভিডিও ধারন করে ও ব্লাকমেইল করে বিভিন্ন ধনী ব্যক্তি, ব্যবসায়ী, বড় চাকুরীজীবীসহ বিভিন্ন লোককে এই ফাঁদে ফেলে চাঁদা আদায় করে চলেছে। মামুন তাকে প্রতি নিয়ত ভিডিও ফাঁস করার ভয় দেখিয়ে ব্যবহার করতো। সাংবাদিক রেকসোনা, বর্ষা, প্রিয়া, রুপা, নুসরাত এরা বেশি বাইরে যেয়ে বিভিন্ন মানুষের সাথে ঘনিষ্ট হয়ে ভিডিও ধারন করে চাঁদা দাবী করে। পুলিশ এর কথা বললে মতিয়ার তাকে জানায় পুলিশকে প্রতি মাসে টাকা দিয়ে কিনে রেখেছি। পুলিশ তার কিছুই করতে পারবে না। মতিয়ার এই ব্যবসা করে প্রচুর টাকার মালিক হয়েছে। আমঝুপির মৃত মোজাফফর হোসেনের ছেলে সাইদ ওই হোটেলে নিয়মিত যাওয়া আসা করে। কিছুদিন আগে তাকে ব্ল্যাক মেইল করেও অনেক টাকা নিয়েছে এই চক্রটি।

এদিকে, হোটেল আটলান্টিকার কাণ্ড নিয়ে তোলপাড় শুরু হলে ক্রমশই হোটেলটি বন্ধ করে দিতে বাধ্য হয় হোটেল মালিক মতিয়ার রহমান। বর্তমানে হোটেল আটলান্টিক বন্ধ ঘোষনা করা হয়েছে বলে জানা গেছে।

অজানাকে জানতে বই পড়ার কোন বিকল্প নেই— রোকসানা মিতা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় ৩ জন গুনী ব্যক্তিত্ব কে সম্মাননা স্বারক প্রদান করেছে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি।

এবারের অমর একুশে বই মেলায় লেখক ও চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসের লেখা দুটি বই প্রকাশিত হয়েছে। বই দুটির মধ্যে “কোকেন কান্ডে কিংস কাইন্ড”সারা বাংলাদেশের মধ্যে ৪র্থ স্থান অধিকার

অবদান রাখায় অনির্বান থিয়েটারের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনকে সম্মাননা দেওয়া হয়েছে।

এ সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দর্শনা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ,মিঠু বিশ্বাস,রানা বিশ্বাস, সাংবাদিক ওয়াসিম রয়েল, রিফাত রহমান, আব্দুল হান্নান, শ্রী সুকমল চন্দ্র বাঁধন, প্রমুখ।